

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৭৫

১/ বিবিধ

আরবী

وعدني ربي في أهل بيتي من أقر منهم بالتوحيد أن لا يعذبهم  
منكر

رواه المخلص في " الفوائد المنتقاة " (1 / 4) وابن عدي (1 / 246) والحاكم (3 / 150) عن الخليل بن عمر العبدى قال: حدثني عمر الأبح عن سعيد بن أبي عروبة عن قتادة عن أنس مرفوعا. وقال ابن عدي: " وقوله: " في أهل بيتي " في هذا المتن منكر بهذا الإسناد ". وأما الحاكم فقال: " صحيح الإسناد! " ورده الذهبي بقوله: " قلت: بل منكر لم يصح ". قلت: وعلته الأبح هذا وهو عمر بن حماد بن سعيد، قال الذهبي في " الضعفاء ": " جرحه ابن حبان، وقال أبو حاتم: ليس بالقوي ". وفي " الميزان ": قال البخاري: منكر الحديث

বাংলা

১৯৭৫। আমার প্রতিপালক আমার পরিবারের ব্যাপারে ওয়াদা দিয়েছেন যে, তাদের মধ্য থেকে যে তাওহীদের স্বীকৃতি দিবে তাদেরকে তিনি শাস্তি দিবেন না।

হাদীসটি মুনকার।

এটিকে আলমুখাল্লিস "আলফাওয়াইদুল মুনতাকাত" গ্রন্থে (১/৪), ইবনু আদী (১/২৪৬) ও হাকিম (৩/১৫০) খালীল ইবনু উমার আবাদী হতে, তিনি উমার আবাহ হতে, তিনি সাঈদ ইবনু আবু আরুবাহ হতে, তিনি কাতাদাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ "আমার বাড়ির পরিবারের মধ্যে" তার এ ভাষায় এ সনদে মুনকারের ঘটনা ঘটেছে।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। আর হাফিয় যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং মুনকার, সহীহ নয়।

আমি (আলবানী) বলছিঃ এর সমস্যা হচ্ছে আবাহ তিনি হচ্ছেন উমার ইবনু হাম্মাদ ইবনু সাঈদ। হাফিয় যাহাবী "আযযুয়াফা" গ্রন্থে বলেনঃ ইবনু হিব্বান তার ক্রটি বর্ণনা করেছেন। আর আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন। আর তিনি "আলমীযান" গ্রন্থে বলেনঃ ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72858>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন